

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ৪০০	তারিখঃ- ২১/১/২০		
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ
		০	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১২২.২১.৫৩

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

বিষয়: ২০২২-২০২৩ আর্থিক সালে "ঢাকাস্থ নজরুল ইনস্টিটিউটের নতুন ভবন নির্মাণ এবং ঢাকা, ময়মনসিংহ ও কুমিল্লায় বিদ্যমান ভবনের রিনোভেশন" প্রকল্পের আওতায় ঢাকাস্থ নতুন ভবন নির্মাণ কাজের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজের জন্য প্রকল্প পরিচালক (উপ-সচিব), "ঢাকাস্থ নজরুল ইনস্টিটিউটের নতুন ভবন নির্মাণ এবং ঢাকা, ময়মনসিংহ ও কুমিল্লায় বিদ্যমান ভবনের রিনোভেশন" শীর্ষক প্রকল্প, কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা এর স্মারক নং/০৭ তারিখ-২৯/১২/২০২২ খ্রিঃ এর মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ২,২৫,০০,০০০/= (দুই কোটি পঁচিশ লক্ষ) টাকার চেক ন্যস্ত করা হয়েছে। যার চেক নং-CDC-2173419 তারিখ-২৯/১২/২০২২ খ্রিঃ, অগ্রণী ব্যাংক লিমিটেড, ধানমন্ডি শাখা, ঢাকা হতে উত্তোলন পূর্বক খরচ করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকন পূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

- শর্তঃ ১) প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
২) বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
৩) বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
৪) এই অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান অনুসরণ পূর্বক খরচ করতে হবে।

সংযুক্তিঃ চেক নং-CDC-2173419 তারিখ-২৯/১২/২০২২ খ্রিঃ

টাকার পরিমাণঃ- ২,২৫,০০,০০০/= টাকা।

২৩-১-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

ঢাকা গণপূর্ত বিভাগ-২


স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১২২.২১.৫৩/১

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা মেট্রোপলিটন জোন, ঢাকা।
- ৪) মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/(মওঅ)/(পেকু), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা।
- ৭) প্রকল্প পরিচালক (উপ-সচিব), কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা। ইহা তার উপরোক্ত স্মারক নং ও তারিখের বরাতে।
- ৮) প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৯) নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১০) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১২) গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।



২৩-১-২০২০

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)